

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জাতীয় রাজস্ব বোর্ড  
রাজস্ব ভবন  
সেগুনবাগিচা, ঢাকা।

ঢাকাঃ ০১ মার্চ, ২০১৬

প্রেস বিজ্ঞপ্তি

দেশে কর্মরত বিদেশী নাগরিকদের করের আওতায় আনা এবং কর খেলাপী বিদেশী নাগরিক  
ও তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের বিরুদ্ধে আয়কর আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণে সমন্বিত টাক্ষফোর্স গঠন


আয়কর আইন অনুযায়ী বিদেশী নাগরিকদের উপর প্রযোজ্য কর সংগ্রহ কার্যক্রম মনিটরিং এবং প্রযোজ্য ক্ষেত্রে তাঁদের ও তাঁদের নিয়োগকর্তার উপর জরিমানা ও ফৌজদারী কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড একটি দীর্ঘমেয়াদী, টেকসই কর্মপরিকল্পনার উদ্যোগ গ্রহণ করেছে। এ বিষয়ে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশে কর্মরত বিদেশী নাগরিক এবং তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের উপর প্রযোজ্য জরিমানা আরোপ ও ফৌজদারী কার্যক্রম বিষয়ক একটি গুরুত্বপূর্ণ সভা আজ ০১ মার্চ, ২০১৬ দুপুর ১২:০০ ঘটিকায় জাতীয় রাজস্ব বোর্ডের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিরুর রহমান সভায় সভাপতিত্ব করেন। সভায় জাতীয় রাজস্ব বোর্ডের সদস্যবর্গ, এফবিসিসিআই এর প্রতিনিধি এবং বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের উর্ধ্বর্তন নেতৃবন্দসহ জাতীয় রাজস্ব বোর্ডের উর্ধ্বর্তন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

বাংলাদেশে প্রকৌশল, চিকিৎসা, গার্মেন্টস, মার্চেডাইজিং, শিল্প-কলকারখানা ইত্যাদি খাতে নতুন প্রযুক্তি ব্যবহারের প্রয়োজনে বিদেশী পরামর্শকসহ দক্ষ কারিগরি জানসম্পন্ন বিদেশী নাগরিকগণ বিভিন্ন প্রতিষ্ঠানে কাজ করেছে। অভিযোগ রয়েছে, অবৈধভাবে অনেক বিদেশী প্রকর্মী বাংলাদেশে কাজ করছেন এবং অনেক বিদেশী নাগরিক স্বল্প সময়ের জন্য কাজ করে বিপুল পারিতোষিক গ্রহণপূর্বক কোন আয়কর প্রদান ব্যতিরেকেই বাংলাদেশ ত্যাগ করেন। এমতাবস্থায়, বৈধ এবং অবৈধ উভয় প্রকৃতির নাগরিকদের এবং তাঁদের নিয়োগকারী কর্তৃপক্ষের উপর প্রযোজ্য ক্ষেত্রে আয়কর কার্যক্রম মনিটরিং অত্যন্ত জরুরী বলে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় আলোচনা শেষে সর্বসম্মতভাবে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

- বাংলাদেশে বিদেশী নাগরিকের তথ্য সংরক্ষণকারী প্রতিষ্ঠানসমূহ, যথা- বিনিয়োগ বোর্ড, বেপজা, এনজিও ব্যৱো, এনএসআই, এসবি, পাসপোর্ট ও বহির্গমন বিভাগ, বাংলাদেশ ব্যাংক, বিটিআরসি ইত্যাদি হতে প্রকৃত বিদেশী নাগরিকের তথ্য সংগ্রহ, সমন্বয় এবং সহযোগিতার লক্ষ্যে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতিনিধিদের অর্তভুক্ত করে জাতীয় রাজস্ব বোর্ড একটি সমন্বিত টাক্ষফোর্স গঠন করা হবে;
- বিদেশী নাগরিকদের কর সংক্রান্ত একটি ডাটা ব্যাংক তৈরী করার জন্য কর্মরত বিদেশী নাগরিকদের তথ্য সংগ্রহ করে এমন সব প্রতিষ্ঠানের তথ্য শেয়ার করা;
- বিদেশী নাগরিক যে সকল প্রতিষ্ঠানে কাজ করছে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রতিনিধিদের সমন্বয়ে বিশেষ করে বিভিন্ন ব্যবসায়ী সংগঠনের (যেমন-FBCCI, MCCI, DCCI ইত্যাদি) প্রতিনিধিদের নিয়ে একটি সচেতনতামূলক সভার আয়োজন করা হবে;
- কর খেলাপী বিদেশী নাগরিক এবং তাঁদের নিয়োগকারী প্রতিষ্ঠানের আয়কর ও জরিমানা আরোপকরণে সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেলের (সিআইসি) সহযোগিতায় তাৎক্ষণিক অভিযান পরিচালনা করা হবে;
- বিদেশী নাগরিকদের দেশ ত্যাগ করার সময় বিমানবন্দর ও স্তুলবন্দরে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ১০৭ ধারায় কর পরিশোধ সনদপত্র প্রদর্শন ও দাখিলের ব্যবস্থা গ্রহণ করা হবে; এবং
- এ সংক্রান্ত বিভিন্ন তথ্যাদি প্রিন্ট এবং ইলেক্ট্রনিক মিডিয়ায় ব্যাপক প্রচার ও প্রচারণা কর্মসূচী গ্রহণ করা হবে।

সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ ও চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড জনাব মোঃ নজিরুর রহমান তাঁর দিক-মির্দেশনামূলক বক্তব্যে বলেন, “জাতীয় রাজস্ব বোর্ড রাষ্ট্রের রাজস্ব ভাস্তুরকে সমৃদ্ধ করতে এবং নির্ধারিত রাজস্ব লক্ষ্যমাত্রা অর্জনে বিনিয়োগ ও ব্যবসা-বাস্তুর পরিবেশ নিশ্চিত করতে সচেত রয়েছে। যেসব বিদেশী নাগরিক বর্তমানে বাংলাদেশে কাজ করছেন তাঁদের নিকট থেকে যথাযথ আয়কর সংগ্রহ করা এবং ভবিষ্যতে যারা এদেশে আসবেন তাঁরা যেন বৈধভাবে কাজ করতে পারেন সে লক্ষ্যে এনবিআর নিয়মতাত্ত্বিক পদ্ধতিতে এগুচ্ছে। তিনি আরো বলেন, এ প্রক্রিয়াটি সম্পূর্ণ হলে দেশে অবৈধভাবে কোন বিদেশী নাগরিকের কাজ করার সুযোগ থাকবে না। পাশাপাশি যারা বৈধভাবে কাজ করছেন, তাঁরা প্রচলিত আয়কর আইন অনুযায়ী কর পরিশোধ করে স্বাচ্ছন্দে কাজ করার সুযোগ পাবেন। এছাড়া, বিদেশে অর্থ পাঠানো সংক্রান্ত বাংলাদেশ ব্যাংকের অনুমোদন বিষয়ক তথ্য কর বিভাগে প্রদান করা এবং প্রকৃত অর্থ পরিশোধের তথ্য উদ্বারে প্রয়োজনীয় সহযোগিতা পাওয়া যাবে”।

বর্ণিত প্রেস বিজ্ঞপ্তি আপনার বহুল প্রচারিত মিডিয়ায় প্রচারের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সর্বিন্যস্ত অনুরোধ করা হলো।

  
(সৈয়দ এ. মু'মেন)  
সিনিয়র তথ্য কর্মকর্তা

প্রাপকঃ

বার্তা সম্পাদক  
সকল প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়া।